দৈনিক সংবাদ

তারিখ 29 DEC 1992
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ...

১২৪

## পরীক্ষাগ্রহণের দাবিতে ধর্মঘট

রাজশাহী, ২৮শে ডিসেম্বর ((নিজস্ব সংবাদদাতা))।– পরীক্ষা পিছানোর জন্য পরীক্ষার্থীরা আন্দোলন করে সাম্প্রতিককালের এটিই 'রীতি' হয়ে দাঁড়িয়েছে। কিন্তু এই রীতি ভেঙ্গে দিয়ে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের এলএলবি ও সাবসিডিয়ারী পরীক্ষার্থীরা আজ পরীক্ষা গ্রহণের দাবিতে ২ ঘন্টা অবস্থান ধর্মঘট পালন করে। ঐ পরীক্ষার্থীদের চলতি পরীক্ষাগুলো অন্যান্য দিনের মত আজও অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। পরীক্ষা দেয়ার জন্য তারা যথাসময়ে হলের সামনে উপস্থিত হয়। কিন্তু পরীক্ষা অনুষ্ঠানের কক্ষগুলোতে তখন তালা ঝুলছিল। একজন ছাত্রনেতার মুক্তির দাবিতে ছাত্রদলের কর্মীরা পরীক্ষার হলে তালা ঝুলিয়ে দেয়। পরে পরীক্ষার্থীরা পরীক্ষা গ্রহণের দাবিতে উপাচার্য ভবনের সামনে ধরনা দেয়। তবে তাদের প্রচেষ্টা সফল হয়নি।